

চট্টগ্রাম মেডিকলে ছাত্রলীগ দু'গ্রুপে সংঘর্ষ : আহত ১৫

চট্টগ্রাম বুঝো

চট্টগ্রাম মেডিকেল কলেজ ক্যাম্পাসে গত মঙ্গলবার গভীর রাতে ছাত্রলীগের দু'গ্রুপে সংঘর্ষে ১৫ জন আহত হয়েছে। এ ঘটনার ব্যাপারের এলাকায় অভিযান চালাতে ছাত্রলীগের ১৮ কর্মীকে আটক করা হয়েছে। আটকৃতদের মধ্যে ৩ জন চিকিৎসক, ২ জন এমবিবিএস পর্যায় বর্ষের, ২ জন ইন্টার্ন চিকিৎসক, চতুর্থ বর্ষের ১ জন এবং তৃতীয় বর্ষের ৫ জন রয়েছে। ঘটনা তদন্তে কলেজের উপাধ্যক্ষ প্রফেসর ডা. আমিনউদ্দিন-এ খানকে প্রধান করে ৪ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে ৩ দিনের মধ্যে রিপোর্ট দিতে বলা হয়েছে। গতকাল দু'ববার সকালে একাডেমিক কাউন্সিলের জরুরি বৈঠকে এসব সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে জানিয়েছেন চট্টগ্রাম মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. গোফরানুল হক। বড় ধরনের অস্থিতির ঘটনা এড়াতে ক্যাম্পাস এবং ছাত্রবাসের সামনে মোঠামের করা হয় বিপুল সংখ্যক হাব ও পুলিশ।

ছাত্রলীগের দু'গ্রুপের সংঘর্ষের পরও গতকাল সকাল থেকে ক্যাম্পাসের পরিস্থিতি স্বাভাবিক ছিল। উপস্থিত ছিল বিপুলসংখ্যক শিক্ষার্থী। সাধারণ শিক্ষার্থীদের উপস্থিতিতে ক্লাস ও পরীক্ষা হয়েছে। চট্টগ্রাম মেডিকেল কলেজে ছাত্রলীগের কমিটি গঠনকে কেন্দ্র করে গত

মঙ্গলবার গভীর রাতে ছাত্রলীগের বিরুদ্ধে দু'গ্রুপের মধ্যে ব্যাপক সংঘর্ষের ঘটনা ঘটে। এতে অন্তত ১৫ জন আহত হয়। আহতদের চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। এদিকে আধিপত্য বিস্তার নিয়ে ছাত্রলীগের দু'গ্রুপের মধ্যে সংঘর্ষের সংখ্যা : পৃষ্ঠা : ১১ ত :

সংঘর্ষ : ছাত্রলীগ দু'গ্রুপে (১ম পৃষ্ঠার পর)

ঘটনা ঘটলে ক্যাম্পাসে সুবিধাজনক অবস্থায় রয়েছে ইসলামী ছাত্রলিগের। দীর্ঘ দিন ধরে চট্টগ্রাম মেডিকেল কলেজ কলেজের ছাত্রাবাসসহ এর আশপাশ এলাকা এবং শিবির নিয়ন্ত্রিত চর্চা বাজার ও চট্টগ্রাম কলেজ, হাজী মুহাম্মদ মহসীন কলেজ এলাকায় শিবির গড়ে তুলেছে দু'গ্রুপে নেটওয়ার্ক। দীর্ঘদিন ধরে ছাত্রলীগ চট্টগ্রাম মেডিকেল কলেজ ক্যাম্পাসে নিষিদ্ধ থাকলেও মহাজোট সরকার ক্রমতায় আসার পর ছাত্রলীগ সেখানে কাজ শুরু করে। কাজ শুরু পর থেকে ক্যাম্পাসে আধিপত্য বিস্তার নিয়ে এ পর্যন্ত কয়েক দফা নিজেদের মধ্যে সংঘর্ষে লিপ্ত হয় ছাত্রলীগ।